৪৫

দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 24 1999
পৃষ্ঠা ১১ কলাম ৪

# চট্টগ্রাম কলেজের সমস্যা সমাধানের আহ্বান

চট্টগ্রাম অফিস ॥ গত ১৪ই জুন চট্টগ্রাম কলেজ প্রাক্তন ছাত্র-ছাত্রী পরিষদের এক সভায় ঐতিহ্যবাহী এই কলেজের দীর্ঘদিনের সমস্যা সমাধানে কর্তৃপক্ষীয় উদাসীনতায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়। সভায় এই সকল সমস্যা সমাধানে কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাইয়া সর্বসম্মতিক্রমে কতিপয় প্রস্তাব গৃহীত হয়। গৃহীত প্রস্তাবের মধ্যে আছে এনাম কমিশনের সুপারিশ অনুযায়ী চট্টগ্রাম কলেজে শূন্য পদ সমূহে অবিলম্বে শিক্ষক-কর্মচারী নিয়োগ, অনার্স ক্লাস সমূহের সম্প্রসারণ ও মাষ্টার্স চালু হওয়ার প্রেক্ষিতে কলেজে নূতন বহুতল ভবন নির্মাণ, দূরদূরান্তের ছাত্রীদের জন্য ছাত্রীনিবাস নির্মাণ এবং ১৯৯১ সালের ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত কলেজ ব্যায়ামাগার ও খেলার গ্যালারী সংস্কার ইত্যাদি। সভায় সভাপতিত্ব করেন, পরিষদের সভাপতি অধ্যাপক মোহাম্মদ খালেদ।